FEB. 1 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৫ ...

# কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে সোনালী দলের পূর্ণ প্যানেলে জয়

**কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ** বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি নির্বাচনে বাংলাদেশী জাতীয়তাবাদ ও ইসলামী মূল্যবোধে বিশ্বাসী 'সোনালী দল' পূর্ণ প্যানেলে জয়লাভ করেছে। গতকাল রাতে ভোট গণনা শেষে নির্বাচন কমিশনার ও বিদায়ী সভাপতি প্রফেসর ডঃ মনসুরুল আমিন এ ফলাফল ঘোষণা করেন। নির্বাচনে ক্ষমতাসীন সরকার সমর্থক 'গণতান্ত্রিক শিক্ষক ফোরাম' কোন আসন লাভ করেনি।

নির্বাচনে সোনালী দলের সভাপতি প্রার্থী প্রফেসর ডঃ মোঃ মোশাররফ হোসাইন মিঞা ১৯৯ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার প্রতিদ্বন্দ্বী ফোরামের প্রফেসর ডঃ মোহসীন আলী ১৩৪ ভোট পেয়েছেন। সাঃ সম্পাদক পদে দলের প্রফেসর ডঃ মোঃ গোলাম রাব্বানী ১৯২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। ফোরামের ডঃ মোঃ শামসুদ্দিন ১৩৮ ভোট পেয়েছেন। অপর নির্বাচিত কর্মকর্তাগণ হচ্ছেন– সহ-সভাপতি প্রফেসর ডঃ মোঃ মোতাহার হোসেন মণ্ডল ১৭৮, কোষাধ্যক্ষ প্রফেসর ডঃ মোঃ আঃ রহমান হাউলিদার ১৭১, সর্বোচ্চ ভোট পেয়ে যুগ্ম সম্পাদক হয়েছেন ডঃ আবু জোফার মোঃ মোসলেহ উদ্দিন ২১৩। সদস্য নির্বাচিত হয়েছেন প্রফেসর ডঃ মোঃ ইদ্রিস মিয়া ২০৩, প্রফেসর ডঃ মোঃ নূরুল ইসলাম ১৮১, প্রফেসর ডঃ মোঃ মোশাররফ হোসেন ১৭৯, ডঃ মোঃ আকতারুজ্জামান ১৭৮, প্রফেসর ডঃ এ কিউ এম বজলুর রশীদ ১৬৯, প্রফেসর ডঃ মোক্তারুজ্জামান ১৫৯ ভোট।